

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

১৩ চৈত্র, ১৪৩০

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.২১-১০০৩

তারিখঃ -----

২৭ মার্চ, ২০২৪

বিষয়: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা বিভাগীয় কার্যালয়ের ২০২৩-২৪ এর ৩য় ত্রৈমাসিকের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর ১.২ এবং ২.১ কার্যক্রমের আলোকে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদকরণ সংক্রান্ত ৩য় সভা ২২ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ পরিচালক (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর ২.৪ এ নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

২.৪	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বক্সে আপলোডকৃত সিটিজেন চার্টারের ফরমেট অনুসরণপূর্বক সকল বিভাগীয় কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে আগামী ১০ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত স্বাক্ষরিত সিটিজেন চার্টার স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে। প্রমাণক হিসেবে স্বাক্ষরিত সিটিজেন চার্টার, ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন চার্টারের স্ক্রিনসটসহ ফরওয়ার্ডিং এর মাধ্যমে আগামী ১৪ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে (শুধুমাত্র বিভাগীয় কার্যালয়ের সিটিজেন চার্টার)।
-----	--


২। কিন্তু অদ্যাবধি ঢাকা বিভাগীয় কার্যালয়ের ২০২৩-২৪ এর ৩য় ত্রৈমাসিকের হালনাগাদকৃত স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), স্ক্রিনসট ফরওয়ার্ডিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়নি।

৩। এমতাবস্থায়, ঢাকা বিভাগীয় কার্যালয়ের ২০২৩-২৪ এর ৩য় ত্রৈমাসিকের হালনাগাদকৃত স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার), স্ক্রিনসট ফরওয়ার্ডিং এর মাধ্যমে প্রধান কার্যালয়ে আগামী ২৮ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং ১৪ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে কেন এতদসংক্রান্ত তথ্যাদি প্রেরণ করা হয়নি তার যুক্তিসঙ্গত কারণ ব্যাখ্যা করার জন্যও অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বর্ণিত কার্যক্রমের অর্জনে ব্যর্থ হলে তার দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তার ওপর বর্তাবে।

অতিরিক্ত পরিচালক

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা


(মুহাম্মদ মনিরুল ইসলাম)

পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক (অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) অফিস কপি।